'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2023

## DSE-P1-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-1A and DSE-1B**
**The candidates are required to answer any *one* from the *two* courses.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-1A

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধটি কোন প্রবন্ধগ্রন্থের অন্তর্গত ? এই প্রবন্ধে বিদ্যাপতি ও জয়দেবের পরিচয় দাও।

(খ) রবীন্দ্রনাথের 'মেঘদূত' প্রবন্ধের মূল উৎস কী ? এই প্রবন্ধে উল্লিখিত তিনটি নগরের নাম লেখো।

(গ) 'বিজ্ঞানে সাহিত্য' প্রবন্ধটি কার লেখা এবং প্রবন্ধটি কবে, কোথায় প্রথম পঠিত হয় ?

(ঘ) তোমার পঠিত কোন প্রবন্ধে 'স্বভাব-কবিত্ব' বিষয়টি আলোচিত হয়েছে ? স্বভাব-কবিত্ব বলতে কী বোঝায় ?

(ঙ) 'শিক্ষার সংকট' প্রবন্ধ অনুসরণে মাও ৎসে-তুং-এর পরিচয় দাও।

(চ) পটুয়া শিল্পী কাদের বলা হয় ? একজন পটুয়া শিল্পীর নাম উল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) তুলনামূলক সাহিত্যালোচনা রূপে 'বিদ্যাপতি ও জয়দেব' কতখানি সার্থক তা আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথের 'রাজসিংহ' প্রবন্ধে কালের অমোঘ গতি কীভাবে বঙ্কিমচন্দ্রের উক্ত উপন্যাসের উপর দিয়ে প্রবাহিত হয়েছে দৃষ্টান্তসহ বিষয়টি বুঝিয়ে দাও।

(গ) স্বামী বিবেকানন্দের 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধে কোন অঞ্চলের 'কোন ভাষাকে' কেন তিনি ভাবী বাংলার আদর্শরূপে চিহ্নিত করতে চেয়েছেন ?

(ঘ) 'বর্তমান বাংলা সাহিত্য' বিষয়ে প্রমথ চৌধুরীর মূল বক্তব্য সংক্ষেপে বিবৃত করো।

(ঙ) 'শিক্ষা জিনিসটে আসলে মনের স্যানিটেশন বই আর কিছুই নয়' — উদ্ধৃতিটির উৎস উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(চ) সার্থক পটুয়া শিল্পের জন্য শিল্পীর যে মানসিকতার প্রয়োজন অবনীন্দ্রনাথকে অনুসরণ করে তা তোমার ভাষায় বিবৃত করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) 'মেঘদূত' প্রবন্ধানুসরণে সৌন্দর্য সাধক রবীন্দ্রনাথের পরিচয় দাও।

(খ) প্রমথ চৌধুরী 'রায়তের কথা' প্রবন্ধে সেকালীন রায়তদের যে দুঃখ-কষ্টের বিবরণ দিয়েছেন তা তোমার ভাষায় ব্যক্ত করো।

(গ) 'বিজ্ঞানে সাহিত্য' প্রবন্ধে বিজ্ঞান ও সাহিত্যের পারস্পরিক সম্পর্ক প্রাবন্ধিক যেভাবে দেখিয়েছেন নিজের ভাষায় বিবৃত করো।

(ঘ) 'শিক্ষার সংকট' প্রবন্ধ অবলম্বনে অন্নদাশঙ্কর রায়ের শিক্ষা-চিন্তার পরিচয় দাও।

## DSE-1B

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ =১২

(ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কৃষ্ণকান্তের দুই পুত্র ও কন্যার নাম কী ?

(খ) গোবিন্দলালের উদ্দেশ্যে ভ্রমরের শেষ বাক্যটি কী ছিল ?

(গ) 'কাহাকে' উপন্যাসটি কত সালে প্রকাশিত ? এই উপন্যাসটি কে, কবে ইংরেজিতে অনুবাদ করেন ?

(ঘ) 'কাহাকে' উপন্যাসে গানটি প্রথম কার কণ্ঠে গীত হয়েছিল, তার প্রকৃত পরিচয় দাও।

(ঙ) তোমার পাঠ্য কোন উপন্যাসে চণ্ডীদেবীর মন্দিরের কথা উল্লেখ আছে, মন্দিরটি কে, কোথায় স্থাপন করেছিল ?

(চ) ভৈরবী বলতে কী বোঝো ? ষোড়শীর পূর্ববর্তী ভৈরবীর নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ =২৪

(ক) রোহিনীর মৃত্যুকে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় স্বাভাবিক বলেননি — এ বিষয়ে তোমার মতামত দাও।

(খ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে নিশাকর চরিত্রের পরিচয় দাও।

(গ) 'কাহাকে' উপন্যাসে কৃষ্ণমোহনবাবুর বাড়িতে যে স্কুল বসত তার পরিচয় দাও।

(ঘ) 'কাহাকে' উপন্যাসে মৃণালিনীর চরিত্র বিচার করো।

(ঙ) 'দেনাপাওনা' উপন্যাসে নির্মল-হৈমবতী উপকাহিনীর সার্থকতা বিচার করো।

(চ) 'দেনাপাওনা' উপন্যাসে দুটি খল চরিত্রের উল্লেখ করে, যে-কোনো একটি খল চরিত্রের পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে নায়ক চরিত্র বিশ্লেষণ করো।

(খ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে সমকালীন সমাজ কাহিনীকে কিরূপে প্রভাবিত করেছে তা আলোচনা করো।

(গ) 'কাহাকে' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) 'দেনাপাওনা' উপন্যাসে জীবানন্দ চরিত্রের পরিচয় দাও।

——×——